

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ২৩ জানুয়ারি, ২০২৪ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি


অদ্য ২৩/০১/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ রোজ মঙ্গলবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মো: সোহেল রানা এর নেতৃত্বে রংপুর জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।
রংপুর সদর ও মিঠাপুকুর উপজেলায় গুড়ের কারখানাগুলোতে অভিযানে ভেজাল গুড় জন্ম ও নষ্ট করে দেয়া হয়।

মিঠাপুকুর উপজেলায় এক গুড়ের কারখানা এবং রংপুর ডেইরী এন্ড ফুড প্রোডাক্টস লি: কে খাদ্য ব্যবসার প্রয়োজনীয় কাগজ প্রদর্শন করতে না পারায় মোট ২০০০০/- (দুই লক্ষ) টাকা জরিমানা এবং তাৎক্ষণিকভাবে তা আদায় করা হয়।

অভিযান পরিচালনাকালে বাজারে খুচরা গুড় বিক্রেতাদের এবং গুড় চাষীদের নিরাপদ গুড় উৎপাদন, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নির্দেশনা দেয়া হয়।

নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্যনির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয় খাদ্য স্থাপনায়।

অভিযানকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জেলা নিরাপদ খাদ্য অফিসার জনাব মো: লোকমান হোসেন, জেলা নিরাপদ খাদ্য পরিদর্শক মো: মাহবুব রহমান, নিরাপদ খাদ্য পরিদর্শক, মিঠাপুকুর মো: গোলাম মর্তুজা, অফিস সহায়ক সুকুমার রায় ও বাংলাদেশ নিরাপদ খাদ্যের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং পুলিশ সদস্যবৃন্দের একটি টোেকস টিম উপস্থিত ছিলেন।


23/01/2024

(মোঃ আখতার মামুন)
পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ
ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd
ফোনঃ ০২-২২২২২২৩৬০১

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।